

RBI/2016-17/189

DCM (Plg) No. 1859/10.27.00/2016-17

ডিসেম্বর 19, 2016

চেয়ারম্যান/ প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক,

রাষ্ট্রীয়ত ব্যাঙ্ক/ প্রাইভেট সেক্টর ব্যাঙ্ক/ বিদেশি ব্যাঙ্ক/ আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক/ শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক/ রাজ্য সমবায় ব্যাঙ্ক

মাননীয় মহাশয়,

বিদ্যমান ₹ 500/- এবং ₹ 1000/- ব্যাঙ্কনোট (বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোট)-এর বৈধ টেন্ডার চরিত্র প্রত্যাহার – ব্যাঙ্ক অ্যাকাউন্টে বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোট(এসবিএন) জমা

অনুগ্রহ করে উপরোক্ত বিষয়ের উপর নভেম্বর 08, 2016 তারিখাঙ্কিত সারকুলার DCM (Plg) No.1226/10.27.00/2016-17 দেখুন। ব্যাঙ্ক অ্যাকাউন্টে এসবিএন-এর মূল্য জমা পড়া সম্পর্কিত অনুচ্ছেদ 3-এর C তে বিধান ii, iii এবং iv –এর উপর করা একটি সমীক্ষার ভিত্তিতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে ব্যাঙ্ক অ্যাকাউন্টে এসবিএন আমানত করার উপর সেইসময় নির্দিষ্ট কিছু বিধিনিষেধ আরোপ করা হবে(যা নিম্নে বিবৃত হল) যখন ঐপ্রকার আমানত প্রধান মন্ত্রী গরীব কল্যাণ যোজনা, 2016-এর জন্য ট্যাঙ্কেশন এবং ইনভেস্টমেন্ট রেজিমের অধীনে করতে উৎসাহ দেওয়া হবে:

- i. ডিসেম্বর 30, 2016 পর্যন্ত বাকী মেয়াদকালে কেবলমাত্র একবারই একটি ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা করার জন্য এসবিএন দাখিলকরণ মারফত ₹ 5000-এর অধিক রাশি গ্রহণ করা হবো। এইসকল ক্ষেত্রে জমাগ্রহণ দাখিলকারীর উদ্দেশ্যে ‘কেন এই জমা আগে করা যায়নি’- এই মর্মে অন রেকর্ড ভিত্তিতে দুজন ব্যাঙ্ককর্মীর উপস্থিতিতে করা প্রশ্ন এবং সন্তোষজনক ব্যাখ্যা পাওয়ার শর্তেই কেবলমাত্র সম্ভবপর হবো। এই ব্যাখ্যাটিকে খতিয়ানভুক্ত করে রাখতে হবে যাতে পরবর্তীক্ষেত্রে অডিট ট্রেল পেতে সুবিধা হয়। এই মর্মে সিবিএস ব্যবস্থায় একটি যথাপ্রযোজ্য ফ্লাগ রেখে দেওয়ার বন্দোবস্ত করতে হবে যাতে আর কোনও দাখিলকরণ অনুমতি না পায়।
- ii. যতদিন না ডিসেম্বর 30, 2016 আসছে ততদিন অবধি স্বাভাবিক পন্থা অনুসারে কাউন্টার মারফত এসবিএন-এর মাধ্যমে দাখিলকৃত ₹ 5000 মূল্য পর্যন্ত রাশি ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা করার অনুমতি থাকবে। এমনকি যখন ₹ 5000-এর তুলনায় ক্ষুদ্রতর রাশিতে দাখিলকরণ হয়েছে এবং এরূপে দাখিলকৃত রাশির একত্র ক্রমপুঞ্জীত মূল্য ₹ 5000 অতিক্রম করে গেছে, সেইসব ক্ষেত্রে ₹ 5000-এর উপর দাখিলকরণের জন্য প্রযোজ্য পদ্ধতি

লাগু হবে, সেইসঙ্গে এরপরে যতদিন না পর্যন্ত ডিসেম্বর 30, 2016 আসছে ততদিন পর্যন্ত আর কোনও দাখিলকরণের অনুমতি নেই।

- iii. এটা নিশ্চিত করতে হবে যে এসবিএন মারফত দাখিলকৃত ₹ 5000-এর বেশী রাশির সম্পূর্ণ মূল্য কেবলমাত্র কেওয়াইসি বিধি অনুপালনকারী অ্যাকাউন্টেই জমা করা হবে এবং যদি অ্যাকাউন্টগুলির ক্ষেত্রে কেওয়াইসি বিধি অনুপালন না করা হয় তবে এইসকল অ্যাকাউন্ট পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্য শর্তাদির সাপেক্ষে জমারশির পরিমাণ ₹ 50,000 -এর মধ্যে সীমাবদ্ধ থাকবে।
- iv. প্রধান মন্ত্রী গরীব কল্যাণ যোজনা, 2016-এর জন্য ট্যাক্সেশন এবং ইনভেস্টমেন্ট রেজিমের অধীনে আমানতের উদ্দেশ্যে এসবিএন দাখিলের ক্ষেত্রে উপরোক্ত বিধিনিষেধ প্রযোজ্য হবে না।
- v. দাখিলকৃত বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোটের সমতুল মূল্যের রাশি দাখিলকারী ব্যক্তি কর্তৃক যেকোনও ব্যাঙ্কে রক্ষিত অ্যাকাউন্টে বিধিবদ্ধ ব্যাঙ্কিং পদ্ধতি অনুসরণ এবং বৈধ পরিচিতি প্রমাণ প্রদর্শনের সাপেক্ষে জমা করা যাবে।
- vi. দাখিলকৃত বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোটের সমতুল মূল্যের রাশি কোনও তৃতীয় পক্ষের অ্যাকাউন্টেও জমা করা যেতে পারে, সেক্ষেত্রে শর্ত এই যে এইমর্মে উক্ত তৃতীয় পক্ষের দ্বারা প্রদত্ত নির্দিষ্ট প্রামাণ্যস্বীকৃতি(অথরাইজেশন) ব্যাঙ্কে উপস্থিত করতে হবে, এই বিষয়ে বিধিবদ্ধ ব্যাঙ্কিং পদ্ধতি অনুপালন করতে হবে এবং আমাদের উপরোক্ত সারকুলারের [অ্যানেক্স-5](#) –এ যেমনভাবে উল্লেখিত আছে সেভাবে যে ব্যক্তি প্রকৃততঃ দাখিলকার্য সম্পাদন করছে তাঁর বৈধ পরিচিতি প্রমাণ প্রদর্শন করতে হবে।

2. অনুগ্রহ করে প্রাপ্তিস্বীকার করুন।

আপনার বিশ্বস্ত

(পি বিজয় কুমার)

মুখ্য মহা প্রবন্ধক

এই সংক্রান্ত লিংকসমূহ	
Dec 16, 2016	প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস), 2016
Dec 16, 2016	প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস), 2016
Dec 16, 2016	প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস), 2016 –প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা
Dec 16, 2016	প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস), 2016-এর উপর প্রায়শঃ জিজ্ঞাস্য প্রশ্নাবলী